117

দৈনিক বাংলা

তারিখ 0 2 DEC 1988
পৃষ্ঠা ... কলাম ...

# বিশ্ববিদ্যালয়ে আবার গোলাগুলি : ছাত্রদের হল ত্যাগ

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ে আবার গুলিবর্ষণ ও বোমাবাজির ঘটনা ঘটেছে। তবে এতে কেউ আহত হয়নি।

সকাল সোয়া এগারটায় সূর্যসেন হলের কাছে বিকট শব্দে পর পর দুটি বোমা বিস্ফোরিত হয়। এর অল্প কিছুক্ষণ পর সূর্যসেন হলের দিক থেকে দু'রাউন্ড গুলি বর্ষণের শব্দ শোনা যায়।

ক্যাম্পাসের বিভিন্ন স্থানে পুলিশ প্রহরা আরো জোরদার করা হয়েছে। বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণার পর আবাসিক হলগুলির

(৩-এর পৃঃ দ্রঃ)

## হল ত্যাগ

(১ম পৃঃ পর)

অধিকাংশ ছাত্রছাত্রী গতকাল হল-ত্যাগ করেছে।

**আরিফের গায়েবানা জানাজা**

বুধবার রাতে গুলিতে নিহত ফিন্যান্স বিভাগের ছাত্র মরহুম আরিফ আহমেদের গায়েবানা জানাজা গতকাল বাদ জুমা ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদে অনুষ্ঠিত হয়। ডাকসু ও ছাত্র সংগঠনসমূহের নেতৃবৃন্দসহ বিপুল সংখ্যক সাধারণ ছাত্র জানাজায় অংশগ্রহণ করেন। তবে বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর জানাজায় উপস্থিত ছিলেন না। সলিমুল্লাহ হলের সামনেও বাদ জুমা গায়েবানা জানাজা অনুষ্ঠিত হয়।

**বিভিন্ন সংগঠনের শোক**

বিশ্ববিদ্যালয় ছাত্র আরিফ আহমেদের মর্মান্তিক মৃত্যুতে আরও অনেক সংগঠন শোক প্রকাশ করেছে এবং ঐ হত্যাকান্ডের জন্য দায়ী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানিয়েছে।

জামায়াতে ইসলামীর সেক্রেটারী জেনারেল মওলানা মতিউর রহমান নিজামী এক বিবৃতিতে আরিফের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে বলেছেন, সন্ত্রাসের শিকার হয়ে একজন মেধাবী ছাত্রের এরূপ মৃত্যু জাতির জন্য অত্যন্ত দুর্ভাগ্যজনক। তিনি বলেন, শিক্ষাঙ্গনে সন্ত্রাসই আজ জাতির জন্য সবচাইতে বেশী উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আরিফ হত্যার বিচার বিভাগীয় তদন্ত এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানিয়েছে। গতকাল সমিতির এক জরুরী সভায় বিশ্ববিদ্যালয়ে এ ধরনের সন্ত্রাসী ঘটনার পুনরাবৃত্তি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণের দাবী জানানো হয়।

খেলাফত আন্দোলনের প্রধান মওলানা শাহ আহমদউল্লাহ আশরাফ আরিফের মৃত্যুতে শোক প্রকাশ করে বলেছেন, এ মৃত্যু ইসলামহীন স্বার্থবাদী রাজনীতির ফসল।

বাংলাদেশ নারী আন্দোলন সংসদ আরিফের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছে এবং সন্ত্রাস রোধে ব্যর্থতার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের পদত্যাগের দাবী জানিয়েছে।

আরিফের মৃত্যুতে শোক প্রকাশ করে আরও যেসব সংগঠন বিবৃতি দিয়েছে তাদের মধ্যে রয়েছে ছাত্র বিপ্লবী মঞ্চ, ছাত্র লীগ (শা-সে), সোনার বাংলা যুব পরিষদ ও ছাত্রলীগ (দু-আ), ছাত্র লীগ (হা-অ) সলিমুল্লাহ হল শাখা।